# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৬৪

৩৬/ ফিতনা (كتاب الفتن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

## باب

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْكِنْدِيُّ الْكُوفِيُّ، حَدَّثَنَا زَيْدُ بْنُ حُبَابٍ، أَخْبَرَنِي مُوسَى بْنُ عُبَيْدَةَ، حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا مَشَتْ أُمَّتِي الْمُطَيْطِيَاءَ وَخَدَمَهَا أَبْنَاءُ الْمُلُوكِ أَبْنَاءُ فَارِسَ وَالرُّومِ سُلِّطَ شِرَارُهَا عَلَى خِيَارِهَا " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ . وَقَدْ رَوَاهُ أَبُو مُعَاوِيَةَ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ الأَنْصَارِيِّ .
حَدَّثَنَا بِذَلِكَ، مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْوَاسِطِيُّ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ، عَنِ ابْنِ عُمَرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ . وَلاَ يُعْرَفُ لِحَدِيثِ أَبِي مُعَاوِيَةَ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنِ ابْنِ عُمَرَ أَصْلٌ إِنَّمَا الْمَعْرُوفُ حَدِيثُ مُوسَى بْنِ عُبَيْدَةَ . وَقَدْ رَوَى مَالِكُ بْنُ أَنَسٍ هَذَا الْحَدِيثَ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ مُرْسَلاً وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنِ ابْنِ عُمَرَ .

বাংলা

২২৬৪. মূসা ইবন আবদুর রাহমান কিন্দী (রহঃ) ..... ইবন উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উম্মাত যখন দর্পভরে হাটবে এবং বাদশাহযাদারা অর্থাৎ ইরান ও রোম সম্রাটের বংশধররা তাদের খেদমতে নিয়োজিত হবে তখন তাদের উত্তম লোকদের উপর দুষ্ট লোকদের কর্তৃত্ব চাপিয়ে দেওয়া হবে।

সহীহ, সহিহাহ ৯৫৪, তিরমিজী হাদিস নম্বরঃ ২২৬১ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি গারীব। আবূ মুআবিয়া (রহঃ) এটি ইয়াহইয়া ইবন সাঈদ আনসারী রাদিয়াল্লাহু আনহু-এর করাতে বর্ণনা করেছেন। মুহাম্মদ ইবন ইসমাঈল ওয়াসিতী (রহঃ) ইবন'উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণিত আছে।

আবূ মুআবিয়া-ইয়াহইয়া ইবন সাঈদ-আবদুল্লাহ ইবন দীনার-ইবন উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত রিওয়ায়াতটির মূল সম্পর্কে কিছু জানা নাই। মূসা ইবন উবায়দা-এর রিওয়ায়াতটি (২২৬৪ নং) হল প্রসিদ্ধ। মালিক ইবন আনাস (রহঃ) হাদীসটি ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ) এর বরাতে মুরসালরূপে বর্ণনা করেছেন। এ সনদে তিনি আবদুল্লাহ ইবন দীনার-ইবন 'উমার রাদিয়াল্লাহু আনহু-এর উল্লেখ করেননি।

## English

It was narrated from 'Abdullah bin Dinar, that Ibn 'Umar said: "The Messenger of Allah(s.a.w) said: 'When my Ummah walks in a proud march, and its servants are the children of kings, children of Persians and Romans, the evilest of them will be set over the best of them"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37619

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন